



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/ ২২২১৫

তারিখঃ ১২.১২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে গত ২৬.০৮.২০১৮খ্রিঃ তারিখে নং-বামাশিবো/প্রশা/৩২৮১৮১১৫২৫৪১/১১৬৮৩/নথি নং- ১১৩ স্মারকে মোঃ জাহাঙ্গীর হোসাইনকে সভাপতি মনোনয়নসহ গভার্নিং বডি'র অনুমোদন দেয়া হয়।

পরবর্তীতে উক্ত কমিটির সভাপতি মনোনয়নের বিরুদ্ধে জনৈক মোঃ শাহজাহান আলী মাতব্বর মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১১৪৯৪/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশন দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক সভাপতি পদে মনোনয়ন স্থগিতাদেশ জারি করায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বলবৎ থাকাকালীন সভাপতির কার্যকারিতা স্থগিত থাকবে মর্মে অত্র বোর্ড হতে নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/২১৯২/৩; তারিখঃ ০২/১০/২০১৮খ্রিঃ স্মারকে পত্র জারি করা হয়।

উপরিউক্ত স্থগিতাদেশ থাকাকালীন মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের আগস্ট'২০১৮, সেপ্টেম্বর'২০১৮ ও অক্টোবর'২০১৮ মাসের বেতন-ভাতা বিল ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মাসুম বিল্লাহ ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক যৌথ স্বাক্ষরে উত্তোলিত হয়।

ইতোমধ্যে মহামান্য হাইকোর্টের উল্লিখিত স্থগিতাদেশের বিরুদ্ধে সিপি নং- ৪০৮৩/২০১৮ দায়ের করা হলে শুনানীঅন্তে সভাপতি পদের কার্যক্রম বিষয়ে আপিল বিভাগের মাননীয় চেম্বার বিচারপতি গত ০৭/১১/২০১৮খ্রিঃ তারিখে স্থিতিবন্ধার আদেশ প্রদান করেন। পরবর্তীতে মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ বিগত ১৯/১১/২০১৮খ্রিঃ তারিখে মাননীয় চেম্বার বিচারপতির ০৭/১১/২০১৮খ্রিঃ তারিখের স্থিতিবন্ধার আদেশ বহাল রেখে সিপি নং- ৪০৮৩/২০১৮ নিষ্পত্তি করেন।

এমতাবস্থায় মাননীয় আপিল বিভাগের ০৭/১১/২০১৮খ্রিঃ তারিখের স্থিতিবন্ধার আদেশের প্রেক্ষিতে গভার্নিং বডি'র সভাপতি পদের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট এবং মাদ্রাসার স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মাসুম বিল্লাহকে অনুরোধ করা হলো। এছাড়া রিট পিটিশন নং- ১১৪৯৪/২০১৮ অরিং নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ মাসুম বিল্লাহকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট।

২) জনাব মোঃ মাসুম বিল্লাহ, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা, শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/ ২২২১৫

তারিখঃ ১২.১২.২০১৮খ্রিঃ

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৩. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রনী/জনতা ব্যাংক লিঃশাখা, শরণখোলা, বাগেরহাট।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪